ভারত-চীন সীমান্তে পরিস্থিতি এর চেয়ে খারাপ হবে না : মার্কিন কর্মকর্তা

ভারত-চীন সীমান্তে উত্তাপ কমার কোনও লক্ষণ নেই। বিগত সাড়ে পাঁচ মাস সময় ধরে প্রকৃত নিয়ন্ত্রণরেখা বরাবর একে অপরকে নিশানা করে দাঁড়িয়ে দুই দেশের সেনা বাহিনী। হিমালয়ের কোলে এই পরিস্থিতির ওপর নজর রেখেছে আমেরিকা। তবে, উত্তেজনাকর পরিস্থিতি আর বাড়বে না বলেই মনে করে মার্কিন প্রশাসন।

নাম প্রকাশে অনিচ্ছুক মার্কিন প্রশাসনের এক কর্মকর্তা বলেছেন, “হিমালয়ের কোলে যে ঘটনা ঘটছে আমরা সেদিকে কড়া নজর রেখেছি। পরিস্থিতি এখন যে পর্যায়ে রয়েছে আগামীতে তার থেকে খারপ হবে না বলে নিশ্চিত করতে পারি।”

ওই মার্কিন কর্মকর্তা আরও জানান, কেবল দক্ষিণ চীন সাগরের জন্যই নয়, গোটা দক্ষিণ এশিয়াতেই ভারত-মার্কিন সহযোগিতা বৃদ্ধির ক্ষেত্রে নয়াদিল্লির সঙ্গে আলোচনা চালাচ্ছে ওয়াশিংটন। তার কথায়, “দক্ষিণ এশিয়ায় সহযোগিতার ক্ষেত্রে ভারতের ভূমিকা প্রশংসনীয়। এর সঙ্গে ওই অঞ্চলের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিনিয়োগ, নিরাপত্তা ও বর্তমান পরিস্থিতি জড়িত। তাই এখানে ভারতের অন্তর্ভুক্তিকে আমরা স্বাগত জানিয়েছি।”

প্রতিরক্ষা ক্ষেত্রে ভারত-মার্কিন সহযোগিতার ক্ষেত্রে আগামী সপ্তাহেই মন্ত্রীপর্যায়ের বৈঠক হবে। তার আগে সরকারিস্তরে দুই দেশের কর্মকর্তারা আলোচনা চালাচ্ছেন। নিয়ন্ত্রণরেখার উপগ্রহ চিত্র, লাল-ফৌজের তথ্য আদান-প্রদান, সমরাস্ত্র মোতায়েন বিষয়ে ইতিমধ্যেই ভারত-মার্কিন সহযোগিতার বহর দেখা গেছে। সূত্র : ইন্ডিয়ান এক্সপ্রেস

ঘানায় গির্জা ভবনে ধস, নিহত বেড়ে ২২

পশ্চিম আফ্রিকার দেশ ঘানার পূর্বাঞ্চলের আখেম বাতবি শহরে প্রার্থনা সভা শেষ করার ঠিক পরপরই ‘দি চার্চ অব প্রোজপারেটি’ নামক গির্জাটি ভেঙে পড়ে। তিন তলা এই গির্জার ভবন ধসের ঘটনায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২২ জন। মঙ্গলবার ভবনটি ধসে পড়ে।

ধসের ঘটনায় যে ২২ জন নিহত হয়েছেন এরমধ্যে দশ নারী, দশ পুরুষ ছাড়াও এক শিশুও রয়েছে বলে নিশ্চিত করে দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ।

দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থা এক বিবৃতিতে জানায়, উদ্ধারকর্মীরা চিরুনি অভিযান চালিয়ে ঘটনাস্থল থেকে আট জনকে জীবিত উদ্ধার করেছে। ভবনটি ভেঙ্গে পড়ার সময় প্রায় ৬০ জন লোক সেখানে ছিলেন।

দুর্ঘটনার কারণ এখনও জানা যায়নি। তবে, গির্জার প্রতিষ্ঠাতা হযরত আইজাক ওফোরি যিনি আকোয়া আইজাক নামে পরিচিত। তিনি পুলিশি তদন্তে সহায়তা করেন। বলা হয়েছে, ঘটনার সময় হঠাৎ করেই গির্জার ভেতরে কোনো একটি অংশ ভেঙে পড়ে। কিছু মানুষ বের হতে পেরেছে, বাকিরা আটকা পড়ে।

বৃষ্টির বাগড়ার মাঝে বাংলাদেশে ভূমিকম্প

কয়েক দিন ধরে বৃষ্টি হচ্ছে বাংলাদেশে। আজও বৃষ্টি হচ্ছে। এর মধ্যে মাঝারি মাপের ভূমিকম্প অনভূত হলো বাংলাদেশে। শনিবার সকাল ৮টা ৫১ মিনিটে এই কম্পন হয় বলে জানা গেছে।

মার্কিন ভূতাত্ত্বিক জরিপ সংস্থা এ তথ্য জানিয়েছে। রিখটার স্কেলে এ ভূমিকম্পের তীব্রতা ছিল ৪.৬। ভূপৃষ্ঠ থেকে ৫০ কিমি গভীরে ছিল

ভূমিকম্পের কেন্দ্রস্থল।

তবে এই কম্পনে কোনো ক্ষয়ক্ষতি বা প্রাণহনির ঘটনা ঘটেনি। রাজধানী ঢাকা থেকে ১৭৩ কিমি দূরে খাগড়াছড়ি শহরের কাছে কম্পনের কেন্দ্রস্থল ছিল বলে জানা গেছে।
ভারত, মিয়ানমার, ভুটান ও চীনেও এই ভূমিকম্প অনুভূত হয়।

গত শনিবারও মাঝারি কম্পনে কেঁপে উঠেছিল সিলেট। রিখটার স্কেলে এর কম্পনের তীব্রতা ছিল ৫.৪। রাত ১১.৩৮ মিনিটে কম্পন অনুভূত হয় বলে জানা গিয়েছিল। সিলেটের কম্পনের জেরে মণিপুরেও কম্পন অনুভূত হয়েছিল। ভূমিকম্প কেন্দ্র থেকে জানানো হয়, মাঝারি মাপের কম্পনটির কেন্দ্রস্থল ছিল মোরিগাঁও এলাকায়।

যুক্তরাষ্ট্রের সঙ্গে ফের বিবাদে জড়াচ্ছে তুরস্ক, নেপথ্যে রাশিয়ান অস্ত্র

অপ্রথমবারের মতো রাশিয়ার মিসাইল প্রতিরক্ষা ব্যবস্থা এস-৪০০ পরীক্ষা চালিয়েছে তুরস্ক। গতকাল শুক্রবার (২৩ অক্টোবর) জুমার নামাজের পর সাংবাদিকদের সঙ্গে বিভিন্ন বিষয়ে কথা বলেন তুর্কি প্রেসিডেন্ট এরদোগান। এসময় বিষয়টি সাংবাদিকদের কাছে নিশ্চিত করেন তিনি।

এদিকে, এস-৪০০ প্রতিরক্ষা ব্যবস্থা পরীক্ষা চালানোয় যুক্তরাষ্ট্র ও তুরস্কের মধ্যে নতুন করে উত্তেজনা বৃদ্ধির সম্ভাবনা দেখছেন সামরিক বিশেষজ্ঞরা। কারণ যুক্তরাষ্ট্র চায় না তুরস্ক রাশিয়ার তৈরি এই প্রতিরক্ষা ব্যবস্থা ক্রয় করুক। কিন্তু যুক্তরাষ্ট্রের এমন ইচ্ছাকে অগ্রাহ্য করেই কৃষ্ণ সাগরের উপকূলবর্তী তুরস্কের একটি শহর থেকে রাশিয়ার তৈরি এস-৪০০ প্রতিরক্ষা ব্যবস্থার পরীক্ষা চালিয়েছে তুর্কি সেনাবাহিনী।

এ বিষয়ে এরদোগান বলেন, আমাদের সক্ষমতা থাকার পরও আমরা কেন

পরীক্ষা চালাব না? আমরা অবশ্যই এজন্য আমেরিকার কাছে পরামর্শ চাইব না। আমরা আমেরিকার কাছে এজন্য তো অনুমতি নিতে যাব না। আমরা আমাদের কাজে প্রতিজ্ঞাবদ্ধ, আমরা আমাদের পথে ধারাবাহিকভাবে চলব। আমরা ধারাবাহিকভাবে করবে এটার পরীক্ষা চালাব।

কাদের কাছে অস্ত্র বিক্রি করবে ঘোষণা দিল ইরান

যারা কেবল আত্মরক্ষার্থে ব্যবহার করবে কেবল তাদের কাছেই অস্ত্র বিক্রি করবে ইরান।

ইরান সরকারের মুখপাত্র আলী রাবিয়ি শুক্রবার দেশটির রাষ্ট্রীয় বার্তা সংস্থা আইআরবি-কে এক সাক্ষাৎকারে এই ঘোষণা দেন।

তিনি বলেন, যেসব দেশ ইরান থেকে অস্ত্র কিনতে চায় তারা শুধুমাত্র আত্মরক্ষার উদ্দেশ্যেই তা কিনতে পারবে। কোনও দেশ যুদ্ধকামী নীতি থেকে ইরানি অস্ত্র কিনতে পারবে না।

তিনি আরও বলেন, কোনও দেশ ইরান থেকে অস্ত্র কিনতে চাইলে তাকে ইরানের শর্ত মেনেই তা করতে হবে, কোনও দেশ তাদের নিজেদের শর্ত ইরানের উপর চাপিয়ে দিতে পারবে না। অস্ত্র ক্রেতাদের দেশগুলোকে অবশ্যই অস্ত্র কেনার যৌক্তিক এবং নৈতিক অবস্থান তুলে ধরতে হবে, তারা কেউ যুদ্ধংদেহী মনোভাব নিয়ে ইরানের অস্ত্র কিনতে পারবে না।

আলী রাবিয়ি সুস্পষ্টভাবে বলেন, আন্তর্জাতিক নিয়মনীতি এবং কাঠামোর ভেতরে থেকেই ইরান অস্ত্র বিক্রি করবে।

তিনি বলেন, “আমরা প্রকৃতপক্ষে অস্ত্রের ভক্ত নই, আমরা শান্তি চাই এবং মধ্যপ্রাচ্যকে অস্ত্র-গুদামে পরিণত করতে চাই না।”

ইরান সরকারের মুখপাত্র আরও বলেন, আমেরিকা মধ্যপ্রাচ্যকে অস্ত্রের গুদামে পরিণত করেছে এবং এর মাধ্যমে মূলত মার্কিন অস্ত্র ব্যবসায়ীরা লাভবান হচ্ছেন। তাদের কাছে সবসময় মানুষের জীবনের চেয়ে অর্থগত লাভটাই বেশি পছন্দের।

ব্যারিস্টার রফিক-উল হক আর নেই

প্রবীণ আইনজীবী ও সাবেক অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার রফিক-উল হক আর নেই।

শনিবার সকালে রাজধানীর মগবাজারে আদ-দ্বীন হাসপাতালের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) লাইফ সাপোর্টে থাকা অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

আদ-দ্বীন হাসপাতালের মহাপরিচালক ডা. নাহিদ ইয়াসমিন গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন।

গত ২১ অক্টোবর থেকে র্যারিস্টার রফিক-উল হককে ওই হাসপাতালের আইসিইউতে লাইফ সাপোর্টে রাখা হয়। রক্তশূন্যতাসহ বার্ধক্যজনিত নানা জটিলতায় ভুগছিলেন তিনি।

এর আড়ে গত ১৫ অক্টোবর সন্ধ্যায় তাকে আদ-দ্বীন হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে ডা. রিচমন্ড রোল্যান্ড গোমেজের তত্ত্বাবধানে তার চিকিৎসা চলছিল।

রফিক-উল হকের জন্ম ১৯৩৫ সালে সালের ২ নভেম্বর কলকাতার সুবর্ণপুর গ্রামে। তিনি ১৯৯০ সালের ৭ এপ্রিল থেকে একই বছরের ১৭ ডিসেম্বর পর্যন্ত রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তা (অ্যাটর্নি জেনারেল) ছিলেন।

লঘুচাপ আরও ঘণীভূত,

সমুদ্রবন্দরগুলোকে ৩ নম্বর সতর্কতা সংকেত

মধ্য বঙ্গোপসাগর এলাকায় সৃষ্ট লঘুচাপটি বুধবার সকালে পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পূর্ব মধ্য বঙ্গোপসাগরে অবস্থান করছিল। এটি আরও ঘনীভূত হবে। আবহাওয়া অফিসের পরিচালক সামছুদ্দিন আহমেদ এসব তথ্য জানিয়েছেন। তিনি আরও বলেছেন, আগামী শুক্র-শনিবারের দিকে গভীর নিম্নচাপে পরিণত হতে পারে। তবে ঘূর্ণিঝড়ের রূপ নেবে কি না বা কোন দিকে অগ্রসর হবে তা এখনই বলা যাবে না।

লঘুচাপের প্রভাবে দেশের বিভিন্ন স্থানে বৃষ্টি হচ্ছে। আবহাওয়া অফিসের পূর্বাভাসে বলা হয়েছে, সুস্পষ্ট লঘুচাপের প্রভাবে আজ ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের বেশিরভাগ জেলায় বৃষ্টি হবে। কোথাও কোথাও বজ্রসহ বৃষ্টি হবে। কোথাও কোথাও ভারি বর্ষণ হতে পারে।

গতকাল বুধবার (২১ অক্টোবর) পশ্চিম মধ্য বঙ্গোপসাগরে একটি লঘুচাপ তৈরি হয়। পরে সেটি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর ও ঘনীভূত হয়ে সুস্পষ্ট লঘুচাপে রূপ নেয়। এটি আজ বৃহস্পতিবার (২২ অক্টোবর) আরও ঘণীভূত হতে পারে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর, সমুদ্রবন্দর ও বাংলাদেশের উপকূলীয় এলাকায় ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে আজ। সুস্পষ্ট লঘুচাপের প্রভাবে ঝোড়ো হাওয়ার শঙ্কায় দেশের সমুদ্রবন্দরগুলোকে ৩ নম্বর সতর্কতা সংকেত দেখাতে বলেছে আবহাওয়া অধিদপ্তর।

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, লঘুচাপের প্রভাবে উত্তর বঙ্গোপসাগর, বাংলাদেশের উপকূলীয় এলাকা ও সমুদ্রবন্দরে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে। সে কারণে চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্কতা সংকেত দেখাতে বলা হয়েছে। সেই সঙ্গে উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সব মাছ ধরার নৌকা ও ট্রলারকে উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করার পরামর্শ দিয়েছে আবহাওয়া অফিস।

নিরাপদ সড়ক নিশ্চিতে সবকিছু করে যাচ্ছে সরকার: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ‘নিরাপদ সড়ক নিশ্চিতে সবকিছু করে যাচ্ছে সরকার।’ এসময় তিনি সরকারের গৃহীত নানা পদক্ষেপের কথা তুলে ধরেন।

আজ বৃহস্পতিবার নিরাপদ সড়ক দিবস ২০২০ উপলক্ষ্যে গণভবন থেকে কথা বলেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, দেশে প্রচুর পরিমাণে সড়ক, সেতু, কালভাট নির্মাণ করা হচ্ছে। এসব নির্মাণে যেন প্রকৃতির ভারসাম্য রক্ষা করা হয় সেদিকে খেয়াল রাখতে হবে। পাশাপাশি স্থানীয় মানুষ যাতে এসব থেকে উপকৃত হয় তার ব্যবস্থা গ্রহণ করতে হয়।

প্রধানমন্ত্রী বলেন, আমরা গাড়ি চালাই না। তাই গাড়ি চালকদের কষ্ট বুঝতে পারি না। কারণ আমাদের অনেকের গাড়িচালক আছে। একজন চালক কয় ঘণ্টা গাড়ি চালাতে পারে? তাদেরও বিশ্রামের প্রয়োজন আছে। সেটি মাথায় রেখে আমরা গাড়িচালকদের বিশ্রামের জন্য কিছু কিছু স্থানে বিশ্রামাগার নির্মাণ করে দিচ্ছি। পর্যায়ক্রমে সারাদেশে বিশ্রামাগার নির্মাণ করা হবে।

প্রধানমন্ত্রী আরও বলেন, মেয়েদের জন্য আমরা আলাদা গাড়ির ব্যবস্থা করেছি। ছাত্র ছাত্রীদের চলাচলের জন্য ১৮৮টি গাড়ির ব্যবস্থা করেছি। বেসরকারি স্কুল কর্তৃপক্ষকে জিজ্ঞেস করেছি তাদের গাড়ি লাগবে কী না। তারা অনেকেই ‘না’ বলেছে। স্কুলে অনেকে নিজের গাড়িতে করে আসে। স্কুলে এসে বলে, আমি ওই গাড়িতে করে এসেছি। বাসে গেলে তো সেটা বলতে পারবে না।

তিনি আরও বলেন, সন্তানদের সুশিক্ষা দিতে হবে। সম্পদের অহমিকাবোধটা যেন না থাকে। সম্পদ থাকলেই সবকিছু করা যায় না, সবকিছু ভোগ করা যায় না। মহামারী করোনাভাইরাস আমাদের সেটা শিখিয়ে দিয়েছে। জানি না, কয়জন এ থেকে শিক্ষা গ্রহণ করেছে।

প্রধানমন্ত্রী আশাবাদ ব্যক্ত করে বলেন, আমরা ৬টি মেট্রোরেল করে দিচ্ছি। মেট্রোরেলগুলো চালু হলে ঢাকা ও এর আশেপাশের এলাকায় যানজট কমে আসবে।

দর্শনার জয়নগর স্থল বন্দরের কার্যক্রম পরিদর্শন করলেন ভারতে নিযুক্ত বাংলাদেশী হাই কশিমনার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা জয়নগর চেকপোস্টের স্থল বন্দরের কার্যক্রম পরিদর্শন করলেন ভারতে নিযুক্ত বাংলাদেশী হাই কমিশনার এইচ ই মুহাম্মদ ইমরান।

ভারতের পশ্চিমবঙ্গের নদীয়া জেলা গেঁদে ল্যান্ড পোর্ট এলাকা পরিদর্শন শেষে বুধবার দুপুরে সীমান্তের শূণ্য রেখায় পৌঁছালে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, পুলিশ সুপার জাহিদুল ইসলাম তাকে ফুলেল শুভেচ্ছা জানান।

এরপর দর্শনা কাস্টমস কর্তৃপক্ষ, বন্দর বাস্তবায়ন কমিটি, চুয়াডাঙ্গা চেম্বার অব কমার্স এবং দর্শনা প্রেসক্লাবের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। ভারতে নিযুক্ত বাংলাদেশী হাইকমিশনার মুহাম্মদ ইমরান বলেন, স্থলবন্দর গুলো কি অবস্থায় আছে সে গুলো পর্যবেক্ষণ করে দেখছি। দুই দেশের সর্বোচ্চ নেতৃত্ব পর্যায়ে ভাল সম্পর্ক রয়েছে।

এখানকার ব্যবসায়ী যারা স্থল বন্দর বাস্তবায়ন করতে চায় তাদের কথা আমি শুনেছি। সমন্বিত ভাবে প্রতিবেদন তৈরি করে উভয় দেশের সরকারের সাথে বসবো।বৃহস্পতিবার ভোমরা ও শুক্রবার বেনাপোল বন্দর পরিদর্শন করবেন হাই কমিশনার। চুয়াডাঙ্গার দর্শনা ও ভারতের গেঁদে দিয়ে স্থলবন্দরের কর্যক্রম চলমান রয়েছে। এ বন্দর দিয়ে রেলপথে মালামাল আমদানি-রপ্তানি হয়। সড়ক পথে পাসপোর্টধারী যাত্রীরা ভ্রমন করেন।

এখন এ স্থলবন্দর দিয়ে সড়ক পথে আমদানি-রপ্তানি চালুর ব্যাপারে দুই দেশের উচ্চ পর্যায়ের নেতৃত্ববৃন্দ কাজ করছেন। দর্শনা অংশে বন্দরের কাজ অনেকখানি অগ্রসর হয়েছে।

এ ব্যাপারে ভারতও কার্যক্রম এগিয়ে নিচ্ছে। খুব শিগগিরই এ বন্দরে পুর্ণাঙ্গ কার্যক্রম চালু হবে। দর্শনা স্থল বন্দর কার্যক্রমের মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন, ভারতের কলকাতায় নিযুক্ত হাইকমিশনার তৌফিক হাসান, কলকাতার মিনিস্টার বি এম জামাল হোসেন, কলকাতার প্রথম সচিব শামছুল আরিফ, নয়াদিল্লির কাউন্সিলর শাহেদ আজিম, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার, বিজিবি ৬ ব্যাটালিয়রে পরিচালক লেফটান্যান্ট কর্ণেল মোহাম্মদ খালেকুজ্জামান, পুলিশ সুপার জাহিদুল ইসলাম, ৬ বিজিবির উপ-পরিচালক মেজর নিস্তার আহম্মেদ, দামুড়হুদা ইউএনও দিলারা রহমান, দর্শনা শুল্ক স্টেশনের ডেপুটি কমিশনার মোঃ শাফায়াত হোসেন, চুয়াডাঙ্গা চেম্বার অফ কমার্সের সভাপতি ইয়াকুব হোসেন মালিক প্রমুখ।

সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী

কোভিড-১৯ মহামারীর মধ্যে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বার্ষিক পরীক্ষার মূল্যায়ন কীভাবে হবে সেই সিদ্ধান্ত জানাতে সংবাদ সম্মেলনে এসেছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

বুধবার দুপুর ১২ টায় ভার্চুয়াল সংবাদ সম্মেলনে আসেন মন্ত্রী। কিছুক্ষণের মধ্যেই তিনি ষষ্ঠ থেকে দশম শ্রেণির বার্ষিক পরীক্ষার মূল্যায়নের বিষয়ে সিদ্ধান্ত জানাবেন।

বৈশ্বিক মহামারীর মধ্যে এবার পঞ্চম ও অষ্টমের সমাপনী পরীক্ষা নেবে না সরকার। এইচএসসি পরীক্ষা না নিয়ে অষ্টমের সমাপনী এবং এসএসসির ফলাফলের ভিত্তিতে উচ্চ মাধ্যমিকের ফল ঘোষণা করা হবে।

বাংলাদেশে করোনাভাইরাসের প্রকোপ বাড়ার পর গত ১৭ মার্চ থেকে দেশের সব ধরনের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দেয়া হয়। কওমি মাদ্রাসা বাদে অন্যসব শিক্ষা প্রতিষ্ঠানে আগামী ৩১ অক্টোবর পর্যন্ত ছুটি ঘোষণা করা আছে।